

ার্যা নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১১৫) কুরআন ম্যাদে বর্ণিত হাশরের মাঠে অবস্থানের কিছু দৃশ্য বর্ণনা করুন

উত্তরঃ হাশরের মাঠের পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ হবে। আল্লাহ তাআ'লা বলেনঃ

وَلاَ تَحْسَبَنَّ اللَّهَ غَافِلاً عَمَّا يَعْمَلُ الظَّالِمُونَ إِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ تَشْخَصُ فِيهِ الأَبْصَارُ * مُهْطِعِينَ مُقْنِعِي رُءُوسِهِمْ لاَ يَرْتَدُّ إِلَيْهِمْ طَرْفُهُمْ وَأَفْئِدَتُهُمْ هَوَاءً

"আপনি কখনও মনে করবেন না যে, যালিমরা যা করে সে বিষয়ে আল্লাহ্ গাফেল। তিনি তাদেরকে সেদিন পর্যন্ত অবকাশ দেন যেদিন চক্ষু স্থির হয়ে যাবে। তারা মন্তক উপরে তুলে ভীত বিহবল চিত্তে দৌড়াতে থাকবে। তাদের দিকে তাদের দৃষ্টি ফিরে আসবে না। তাদের অন্তর উড়ে যাবে"। (সূরা ইবরাহীমঃ ৪২-৪৩) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

"যেদিন রূহ ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে দাঁড়াবে। দয়াময় আল্লাহ্ যাকে অনুমতি দিবেন, সে ব্যতীত অন্য কেউ কথা বলতে পারবে না এবং সে সত্য বলবে"। (সূরা আন-নাবাঃ ৩৮) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

"আপনি তাদেরকে আসন্ন দিন সম্পর্কে সতর্ক করুন। যখন প্রাণ ওষ্ঠাগত হবে, দম বন্ধ হওয়ার উপক্রম হবে। পাপীদের জন্য এমন কোন বন্ধু এবং সুপারিশকারী থাকবেনা, যার সুপারিশ গ্রহণ করা হবে"। (সূরা গাফেরঃ ১৮) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

"ফেরেশতাগণ এবং রূহ্ (জিবরীল আঃ) আল্লাহর দিকে উর্ধগামী হবেন এমন একদিনে, যার পরিমাণ পঞ্চাশ হাজার বছরের সমান।" (সূরা মাআ'রিজঃ ৪) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

سَنَفْرُغُ لَكُمْ أَيُّهَا الثَّقَالَن

"হে মানুষ ও জিন! আমি শিঘ্রই তোমাদের প্রতি মনোনিবেশ করব"। (সূরা আর্-রাহমানঃ ৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11929

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন